



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.১১১.১৪.০৬৬.১৪ (অং-১)।

তারিখঃ ১০৫/২০১৯ খ্রিঃ।

বিষয় : ধান শুকানো, সংরক্ষণ ও অন্যান্য সুবিধাদিসহ সারাদেশে ২০০টি ধানের সাইলো নির্মাণের নিমিত্ত আনুষংগিক তথ্যাদি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ও প্রাকৃতিক দুর্যোগে খাদ্য সংকট মোকাবেলার জন্য খাদ্য অধিদপ্তরের আওতায় বিভিন্ন এলএসডি/সিএসডি/সাইলোতে খাদ্যশস্য সংরক্ষণ করা হয়ে থাকে। প্রাকৃতিক দুর্যোগ/বৃষ্টির কারণে অনেক সময় খাদ্যশস্য মাঠ থেকে কাটার পর মাড়াই ও শুকানো সম্ভব হয়না। ফলে প্রচুর পরিমাণ ধান নষ্ট হয়ে যায় এবং কৃষক ক্ষতিগ্রস্ত হয়। এছাড়াও বর্তমান বোরো মৌসুমে ধানের ভালো ফলন লক্ষ্য করা যাচ্ছে। বাজারে ধানের সরবরাহ বেশি হওয়ায় কৃষকরা ন্যায্য মূল্য পাচ্ছে না। এ সকল বিষয় বিবেচনা করে ১৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখে মাননীয় খাদ্য মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে খাদ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভায় সারাদেশে ধান শুকানো, ক্লিনিং, ওজন করার সুবিধাসহ প্রতিটি ৫,০০০ মে:টন ধারণ ক্ষমতার ২০০টি ধানের সাইলো নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন:-

- ১। ধানের বার্ষিক উৎপাদনের পরিমাণ;
- ২। জেলার মোট জনসংখ্যা;
- ৩। জেলার মোট ধান/চালের চাহিদার পরিমাণ (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর সর্বশেষ রিপোর্ট অনুসারে);
- ৪। সংশ্লিষ্ট জেলায় খাদ্য অধিদপ্তরের বর্তমান ধারণ ক্ষমতা;
- ৫। জেলার বিভিন্ন উপজেলায় ধানের সাইলো নির্মাণের জন্য ৫০-৬০ শতাংশ পরিমাণ জমিসহ প্রস্তাবিত এলএসডি/সিএসডির নাম;

এমতাবস্থায়, আপনার জেলার বিভিন্ন উপজেলাসমূহের এলএসডি/সিএসডিতে ধান শুকানো, ক্লিনিং, ওজন করার সুবিধাসহ প্রতিটি ৫০০০ মে:টন ধারণ ক্ষমতার ধানের সাইলো নির্মাণের লক্ষ্যে বর্ণিত তথ্যাদি আগামী ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ই-মেইলে (didts@dgfood.gov.bd) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত

(শেখ জাকির হোসেন)

পরিচালক

ফোনঃ ৯৫৫৯৯৮৮

ই-মেইল: didts@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

-----।

স্মারক নং-১৩.০১.০০০০.১১১.১৪.০৬৬.১৪ (অং-১)। ৬৭৪/৬৪(৫)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল), -----।

৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]

৫। অফিস কপি।

তারিখঃ ১০৫/২০১৯ খ্রিঃ।

পরিচালক

পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।